

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 01-11-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) উচ্চশিক্ষা মন্ত্রী বলেছেন, ছাত্র-ছাত্রীদের সুপ্ত প্রতিভা বিকশিত করার অন্যতম বড় প্ল্যাটফর্ম হলো ডি এন এ ক্লাব ।
- (২) রাজ্যপাল বলেছেন, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তুলতে সবাইকে একজোট হয়ে কাজ করতে হবে ।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সমগ্র জাতি আজ উন্নয়নের পাশাপাশি তার ঐতিহ্য সংরক্ষণ করে এগিয়ে চলেছে ।
- (৪) ত্রিপুরা ও বাংলার মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে শুরু হয়েছে ।

Animesh Debbarma:

উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ বলেছেন, ছাত্র-ছাত্রীদের সুপ্ত প্রতিভা বিকশিত করার অন্যতম বড় প্ল্যাটফর্ম হলো ডি এন এ ক্লাব । বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের পক্ষ থেকে আগামী দিনে রাজ্যের আরও বহু বিদ্যালয়ের ডি এন এ ক্লাব খোলা হবে। আজ নলছড়ার চন্দনমুড়া কৃষ্ণকুমার দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে →Waste to wealth → থিমের উপর আলোচনায় অংশ নিয়ে তিনি একথা বলেন। আলোচনায় অংশগ্রহণ করেন বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ মন্ত্রী অনিমেঘ দেববর্মা । উপস্থিত ছিলেন নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান স্বপন কুমার দাস, জিলা পরিষদের সদস্য মীনাক্ষী দাস প্রমুখ।

President & PM extend greetings:

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ অন্ধ্রপ্রদেশ, ছত্তিশগড়, হরিয়ানা, কর্ণাটক, কেরালা, লাক্ষাদ্বীপ, মধ্যপ্রদেশ, পাঞ্জাব এবং পুদুচেরির প্রতিষ্ঠা দিবসে ঐ সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে রাষ্ট্রপতি মুর্মু বলেছেন, এই প্রতিটি অঞ্চল দেশের অগ্রগতিতে উল্লেখযোগ্য অবদান রেখেছে। তিনি আশা করেন যে, এই রাজ্যগুলি এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলি তাদের উন্নয়নের যাত্রায় নতুন মাইলফলক অর্জন করবে। রাষ্ট্রপতি ঐ অঞ্চলের জনগণের সমৃদ্ধি এবং মঙ্গল কামনা করেছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সোশ্যাল মিডিয়া পোস্টে এই রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলি জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন এবং একটি উন্নত ভারতের সংকল্প পূরণে সবাই অমূল্য ভূমিকা পালন করবে বলে আশা প্রকাশ করেন।

Statehood day of 13 States:

আগরতলায় রাজ্যভবনে আজ আট রাজ্য ও পাঁচটি কেন্দ্র শাসিত অঞ্চলের প্রতিষ্ঠা দিবস উদযাপন করা হয়। রাজ্যপাল ইন্ড্রসেনা রেজিড নাল্লু এই অনুষ্ঠানে সমস্ত রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের প্রতিনিধিদের সংবর্ধনা দেন। রাজ্যগুলি হল- অন্ধ্রপ্রদেশ, ছত্তিশগড়, মধ্যপ্রদেশ, পাঞ্জাব, হরিয়ানা, তামিলনাড়ু, কেরালা ও কর্ণাটক। কেন্দ্র শাসিত অঞ্চলগুলোর মধ্যে রয়েছে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ, পুদুচেরী, চন্ডিগড়, লাক্ষাদ্বীপ, দিল্লী।

অনুষ্ঠানে রাজ্যপাল বলেন, দেশের বিভিন্ন রাজ্যে, জনগণের ভাষা আলাদা কৃষ্টি সংস্কৃতি আলাদা। কিন্তু আমরা সবাই এক। আমরা ভারতবাসী। ভারতবর্ষকে বিশ্বের এক নম্বর দেশ করার লক্ষ্যে ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তুলতে সবাইকে একজোট হয়ে কাজ করতে হবে।

Governor Byte

অনুষ্ঠানে অন্ধ্রপ্রদেশ, ছত্তিসগড়, মধ্যপ্রদেশ, হরিয়ানা, তামিলনাড়ু, কেরালা ও কর্ণাটক এবং কেন্দ্র শাসিত অঞ্চলগুলো, পুডুচেরী, দিল্লির প্রতিনিধিরা বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য রাখেন রাজ্যপাল সচিব উত্তম কুমার চাকমা।

Swasth Nari Sashakt Parivar:

সুস্থ নারী, সশক্ত পরিবার অভিযান" অভিযানের আওতায় ভারত তিনটি গিনেস ওয়ার্ল্ড রেকর্ড অর্জন করেছে। ১৭ সেপ্টেম্বর থেকে গত মাসের ২ তারিখের মধ্যে অনুষ্ঠিত এই অভিযানে যে রেকর্ড তৈরী হয়েছে তা হল এক মাসে স্বাস্থ্যসেবা প্ল্যাটফর্মের জন্য সর্বোচ্চ সংখ্যক মানুষ রেজিস্ট্রেশন। যার সংখ্যা তিন কোটি ২১ লক্ষেরও বেশি। এক সপ্তাহে অনলাইনে স্তন ক্যান্সার স্ক্রিনিংয়ের জন্য সর্বাধিক সংখ্যক মানুষের সাইন আপ করার রেকর্ডও অর্জিত হয়েছে। নয় লক্ষ চুরানব্বই হাজারেরও বেশি মহিলা স্ক্রিনিংয়ের জন্য সাইন আপ করেছে। রাজ্য পর্যায়ে এক সপ্তাহে অনলাইনে গুরুত্বপূর্ণ লক্ষণ স্ক্রিনিংয়ের জন্য রেকর্ড সংখ্যক এক লক্ষ পঁচিশ হাজার মানুষ সাইন আপ করেছে।

WAVES Bazaar:

হায়দ্রাবাদে চলমান ইন্ডিয়া-জয় ২০২৫ কনক্লেভে, আজ ওয়েভস বাজারের উদ্বোধন করেন তথ্য ও সম্প্রচার সচিব সঞ্জয় জাজু। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, ওয়েভস বাজার মিডিয়া এবং বিনোদন শিল্পের সমগ্র স্তরকে উপকৃত করবে। তিনি এটিকে 'ড্রাফট টু কমার্স' রূপান্তর এবং বিক্রেতা এবং ক্রেতাদের এক প্ল্যাটফর্মে নিয়ে আসার রূপ হিসেবে বর্ণনা করেন। তিনি আশা

করেন, ওটিটি ক্রেতারাও ওয়েভস বাজার প্ল্যাটফর্মে আসবেন এবং সকল ভাষায় উপযুক্ত বাজার খুঁজে পাবেন।

ABDM-Packege Story:

সারা দেশে স্বাস্থ্য সংক্রান্ত ডিজিট্যাল বাস্তববস্থা তৈরির লক্ষ্যে অনবদ্য সক্রিয়তার নজির স্থাপন করেছে আয়ুষ্মান ভারত ডিজিট্যাল মিশন বা সংক্ষেপে এ বি ডি এম। এরমাধ্যমে স্বাস্থ্য সুবিধা, স্বাস্থ্য সেবার পেশাদারদের খুঁটিনাটি বিষয় সংক্রান্ত তথ্য যোগ করার মত সাধারণ স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের মান সমৃদ্ধ করে সার্বিক স্বাস্থ্য সেবার পরিচালন ব্যবস্থাকে বর্তমান এবং ভবিষ্যতের জন্য কার্যকর করে তোলার প্রয়াস চালানো হচ্ছে। এই অভিযাত্রায় রাজ্যেও ব্যাপক অগ্রগতি হয়েছে। একটি প্রতিবেদন।

v/o

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সমগ্র জাতি আজ উন্নয়নের পাশাপাশি তার ঐতিহ্য সংরক্ষণ করে এগিয়ে চলেছে। কেন্দ্রীয় সরকারের প্রতিটি সিদ্ধান্ত এবং নীতিতে এই চেতনা প্রতিফলিত হয়। আজ ছত্তিসগড়ের নভা রায়পুরে এক জনসভায় ভাষণ দিতে গিয়ে একথা বলেন।

তিনি বলেন, অপারেশন সিঁদুর দেখিয়ে দিয়েছে সন্তাসবাদকে কিভাবে নির্মূল করতে হয়। ভারত এখন নকশালবাদ এবং মাওবাদী সন্তাসবাদকেও নির্মূল করার দিকে এগিয়ে যাচ্ছে।

PM Byte-1

প্রধানমন্ত্রী আরও বলেন, 'সবকা সাথ, সবকা বিকাশ'-এর চেতনায় পরিচালিত শাসনের লক্ষ্য হল, যেখানে কেউ দরিদ্র নয়, কেউ অসুখী নয়, যেখানে ভারত দারিদ্র্যমুক্ত হয়ে বিকশিত ভারতের লক্ষ্য পূরনে এগিয়ে যাবে।

PM Byte-2

প্রধানমন্ত্রী আজ ছত্তিশগড় বিধানসভার নতুন ভবন উদ্বোধন করেন। তিনি প্রাক্তন প্রধানমন্ত্রী এবং ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ীর মূর্তিও উন্মোচন করেন। তিনি নভা রায়পুরে শহীদ বীর নারায়ণ সিং স্মৃতিসৌধ এবং জনজাতি স্বাধীনতা সংগ্রামীদের জাদুঘরও উদ্বোধন এবং পরিদর্শন করেন।

Rajesh Banik:

জুনিয়র বিশ্বকাপার তথা রাজ্য রঞ্জি দলের প্রাক্তন অধিনায়ক রাজেশ বনিক যান দুর্ঘটনায় শেষ নিশ্বাস ত্যাগ করেছেন। পুলিশ সূত্রের খবর, গতরাতে রাজধানীর শহরতলীর কাটাশেওলা এলাকায় বাইকের সাথে স্কুটির সংঘর্ষে রাজেশ আহত হন। পরে জিবি হাসপাতালে তার মৃত্যু হয়। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৪০ বছর। রঞ্জি সহ জাতীয় বিভিন্ন আসরে এবং এমন কি অনূর্ধ্ব ১৫ বছরের ভারতীয় জুনিয়র বিশ্বকাপ ও এশিয়া কাপ ক্রিকেটেও রাজেশ দেশের হয়ে প্রতিনিধিত্ব করেন। রাজেশের মৃত্যুর খবর ছড়িয়ে পড়তেই ক্রিকেট মহল সহ ক্রীড়ামোদী মহলে শোকের ছায়া নেমে এসেছে। আজ সন্ধ্যায় ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের অফিসে মরদেহ আনা হয়। সেখানে টিসিএ'র কর্মকর্তারা শেষ শ্রদ্ধা জানান।

Under 17 State Football:

রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৭ বালকদের ফুটবল প্রতিযোগিতা আজ থেকে খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের সিনথেটিক ফুটবল মাঠে শুরু হয়েছে। উদ্বোধন করেন ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ডের চেয়ারম্যান অপর্ণা সিংহ রায়। এই প্রতিযোগিতায় আটটি জেলা থেকে আটটি দল এবং ত্রিপুরা স্কুল স্পোর্টসের একটি দল অংশগ্রহণ করেছে।

Ranji Trophy:

ত্রিপুরা ও বাংলার মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে শুরু হয়েছে। এম বি বি স্টেডিয়ামে টসে জিতে রাজ্যদল প্রথমে বোলিং করার সিদ্ধান্ত নেয়া। খেলতে নেমে সফরকারী বাংলা প্রথম ইনিংসে দিনের শেষে এক উইকেট

হারিয়ে ১৭১ রান করে। আলোর অভাবে প্রথম দিনে ৬০ ওভার খেলা হয়।
বাংলার সুদীপ ঘরামি ৭০ ও সাকির গান্ধী ৮২ রান করেন।

Weather:

আগামী ২৪ ঘন্টায় উনকোটি ও উত্তর জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি
করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে।
সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ
তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি
থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৫ ডিগ্রি সেলসিয়াস এবং
সর্বনিম্ন ২৫.৭ ডিগ্রি সেলসিয়াস।
